গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

ডিসেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা মানব পাচার/নারী ও শিশু পাচার প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ শাহগীর আলম জেলা ম্যাজিস্ট্রেট
সভার তারিখ	১০ ডিসেম্বর , ২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ১০.৩০ টা
স্থান	জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট - 'ক'

সভাপতি সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া নভেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনো প্রকার সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১.০ আলোচ্য বিষয় : নারী ও শিশু পাচাররোধে গৃহীত ব্যবস্থা:
জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক নারী ও শিশু পাচার রোধে প্রচারণামূলক, উদ্বুদ্ধকরণ ও জনসচেতনতা আনয়নে নভেম্বর/২০২৩ মাসের গৃহীত ও বাস্তবায়িত কর্মসূচির তথ্য নিম্নরূপ :

প্রতিবেদনাধীন মাসের নাম: নভেম্বর/২০২৩

কর্মসূচি			টার্গেট গ্রুপ	প্রতিবেদনাধীন মাসের কর্মসূচির লক্ষ্যমাত্রা		বাস্তবায়িত কর্মসূচি		ক্রমপুঞ্জিভূত সংখ্যা		মন্তব্য
কর্মসূচির নাম	কর্মসূচির বিবরণ	কর্মসূচি বাস্তবায়নাধীন এলাকা		কর্ম সূচির সংখ্যা	কর্মসূচির আওতাধীন লোক সংখ্যা	কর্ম সূচির সংখ্যা	উদ্বুদ্ধ লোক সংখ্যা	কর্মসূচির সংখ্যা	উদ্বুদ্ধ লোক সংখ্যা	
সচেতনতা বৃদ্ধিমূলক	ক্লাশরুম, উঠান বৈঠক	ব্রাহ্মণবাড়িয়া সদর, নবীনগর, সরাইল, আশুগঞ্জ , আখাউড়া, নাসিরনগর, কসবা, বাঞ্ছারামপুর ও বিজয়নগর	মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থী, সমিতির সদস্য, ইউনিয়ন ভিজিডি, মাতৃত্বকালীন ভাতাভোগী ও কর্মজীবী ল্যাকটেটিং মাদার ভাতাভোগী মহিলা	৬০টি	৪৮৯৮ জন	৫০ টি	৩৮৮০ জন	৪২২১ টি	২৩১৭৭৭ জন	

১. ১ আলোচনা: উপর্যুক্ত বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য নভেম্বর/২০২৩ মাসে ৬০ টি কর্মসূচির আওতায় ৪৮৯৮ জন লোককে উদ্বুদ্ধ করার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। তন্মধ্যে ৫০ টি কর্মসূচির মাধ্যমে ৩৮৮০ জনকে উদ্বুদ্ধ করা হয়েছে। মাস শেষে ক্রমপুঞ্জিভূত কর্মসূচির সংখ্যা ৪২২১ টি এবং উদ্বুদ্ধ লোক সংখ্যা ২৩১৭৭৭ জন। বিবেচ্য মাসে এ জেলায় মানব পাচারসহ নারী ও শিশু পাচারের কোনো ঘটনার খবর পাওয়া যায়নি। সভাপতি কর্মসূচির লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মসূচির সংখ্যা শতভাগ বাস্তবায়নের জন্য জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

সভাপতি, নারী ও শিশু পাচার রোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখাসহ নারী ও শিশু পাচার বন্ধে সকলকে সজাগ দৃষ্টি রাখার অনুরোধ জানান। সভায় উঠান বৈঠকের বিষয়ে সভাপতি বলেন যে, জেলা শিক্ষা কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনকালে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী, শিক্ষক, অভিভাবক, সহকারী পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সমন্বয়ে উঠান বৈঠকের আয়োজন করবেন এবং বৈঠকে গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করবেন। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ বিষয়সমূহ তদারকি করবেন মর্মে সভায় উল্লেখ করেন ।

১.১ সিদ্ধান্ত : (১) নারী ও শিশু পাচার প্রতিরোধে সকলকে সতর্ক দৃষ্টি রাখাসহ সচেতনতামূলক প্রচারণা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) উঠান বৈঠকের সংখ্যা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ, জেলা শিক্ষা কর্মকর্তা ও সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক সংশ্লিষ্ট দপ্তরের সমন্বয়ে নারী ও শিশু পাচার রোধে সভা করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।

১.২ বাস্তবায়নে : (১) অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া ।

(২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া ।

(৩) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া।

(৪) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া

(৫) জেলা মানব, নারী ও শিশু পাচার প্রতিরোধ কমিটির সকল সদস্য।

২.০ আলোচ্য বিষয় : **মামলা দায়ের ও নিষ্পত্তি** :

ব্রাহ্মণবাড়িয়া জেলার নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলার নভেম্বর/২০২৩ মাসের বিবরণী :

ক্রমিক নং	থানার নাম	গত মাসের জের	বিবেচ্য মাসে মামলা প্রাপ্তির সংখ্যা	মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা	অনিষ্পন্ন মামলার সংখ্যা	অনিষ্পন্ন মামলার নম্বর	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭		৮
১.	ব্রাহ্মণবাড়িয়া সদর মডেল থানা	০৪	-	০৪	--	০৪	১. জিআর-৩১৫/০৮ না: ও শিশু মা: নং-২১৮/০৮ ২.জিআর- ৯৯৫/০৮ নারী ও শিশু মা: নং-৬৮/০৯ ৩.জিআর-১১৪২/১০ নারী ও শিশু পাচার মামলা নং-৪৪০/১১, ৪. জিআর-২৫/২৩	সাক্ষীর জন্য
২.	বিজয়নগর	--	--	--		--	--	--
৩.	আশুগঞ্জ	০১	-	০১	-	০১	জিআর- ৯৫/০৯ নারী ও শিশু-৯৬০/১৮	--
৪.	নবীনগর	০১	-	০১	-	০১	জিআর -১৩৯/০৯ নারী ও শিশু পাচার মামলা-২৭৯/০৯	---
৫.	বাঞ্ছারামপুর	--		--	--	--		
৬.	কসবা	--	--	--	--	--		
৭.	আখাউড়া	০১	-	০১	-	০১	জিআর ৩৪২/২১	সাক্ষীর জন্য
৮.	সরাইল	--		--	--	--		
৯.	নাসিরনগর	--		--	--	--		
	সর্বমোট	০৭	--	০৭	--	০৭	--	--

২.১ আলোচনা: উপর্যুক্ত বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, নভেম্বর/২০২৩ মাসে কোনো মামলা রুজু হয়নি এবং মামলা নিষ্পত্তিও হয়নি। ফলে মাস শেষে অনিষ্পন্ন মামলার সংখ্যা ০৭ টি। সভাপতি দীর্ঘদিন যাবৎ চলমান নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলার সঠিক সংখ্যা নিরুপনের জন্য বিজ্ঞ স্পেশাল পিপি, ব্রাহ্মণবাড়িয়াকে অনুরোধ জানান ।

২.২ সিদ্ধান্ত: নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলার সাক্ষী যথাসময়ে হাজির করার ব্যবস্থাকরণসহ দীর্ঘদিন ধরে অনিষ্পন্ন থাকা মামলাগুলো দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৩ বাস্তবায়নে : (১) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া

(২) অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া

(৩) বিজ্ঞ পিপি, ব্রাহ্মণবাড়িয়া

(৪) বিজ্ঞ স্পেশাল পিপি, ব্রাহ্মণবাড়িয়া

সভাপতি আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহগীর আলম
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০১৪.১৮.০৬৫.২২.১৮৫৩

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩০
১১ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৪) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
৫) অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া
৬) বিজ্ঞ পি.পি., ব্রাহ্মণবাড়িয়া
৭) বিজ্ঞ স্পেশাল পিপি, ব্রাহ্মণবাড়িয়া
৮) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ব্রাহ্মণবাড়িয়া
৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
১০) উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
১১) জেলা তথ্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া
১২) প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। (কার্যবিবরণী টি ওয়েবপোর্টালে আপলোডের অনুরোধসহ)
১৩) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া
১৪) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া

মোঃ শাহগীর আলম
জেলা ম্যাজিস্ট্রেট